

পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসকের করন
ঝাড়গ্রাম মহকুমা
ঝাড়গ্রাম, ৭২১৫০৭

আশাকর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যদপ্তরের স্মারকসংখ্যা HFW/NRHM-20/2006/Part-II/1631 dated 27/06/2012 এবং ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটির ২৪/১০/২০২৪ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী সমস্ত জনসাধারণকে জানানো যাচ্ছে যে ঝাড়গ্রাম মহকুমার ৪ টি ব্লকের প্রতিটি শূণ্যপদে 'আশাকর্মী' নিয়োগ করা হবে।

আবেদনপত্র জমা দেওয়ার স্থান ও তারিখ :

আবেদনপত্র সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের নিকট জমা দিতে হবে, **জমা দেওয়ার তারিখ: ০৫/১১/২০২৪ হতে ০৫/১২/২০২৪** (ছুটির দিন বাদে বেলা ১১ টা থেকে ৫টার মধ্যে)।

আবশ্যিক যোগ্যতা:

- ১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আইনগতভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারবেন।
- ২) **বয়সসীমা** : সাধারণ এর ক্ষেত্রে ৩০ বৎসর থেকে ৪০ বৎসর, তপ:জাতি/তপ:উপজাতিভুক্ত মহিলাদের ক্ষেত্রে ২২ বৎসর থেকে ৪০ বৎসর। (০১/০১/২০২৪ তারিখ অনুযায়ী)।
- ৩) **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা** : মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণা/ অন্তীর্ণা।
- ৪) যে গ্রামের/এলাকায় আবেদন করবেন সেই গ্রামগুলির মধ্যে যেকোন একটি গ্রামের সাধারণ বাসিন্দা হতে হবে। (সংযোজনী-১ অনুসরণ করুন)।
- ৫) জাতি/সম্প্রদায় উল্লেখ করতে হবে।
- ৬) গ্রেড-I এবং গ্রেড-II এস.এইচ.জি. মেম্বার/ট্রেনিং প্রাপ্তধাই/ লিঙ্গ ওয়ার্কার-রা বাড়তি সুবিধা পাবেন।
- ৭) তপ:জাতি/ তপ:উপজাতি অধুষিত এলাকার/গ্রামের জন্য তপ:জাতি/ তপ:উপজাতি আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন। যদি যোগ্যতা সম্পন্ন তপ:জাতি/ তপ:উপজাতি আবেদনকারী না পাওয়া যায় তাহলেই অন্যান্য জাতির যোগ্যতা সম্পন্ন আবেদনকারীরা নিয়োগের জন্য বিবেচনাধীন হবেন।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিগুলি অবশ্যই জমা দিতে হবে:

- ১) বিবাহ এবং আইনগত বিবাহ বিচ্ছিন্নার প্রামাণ্যরূপ যথাক্রমে প্রথম ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র/স্বামীর নাম বহনকারী নিজস্ব কোনো সরকারী দস্তাবেজ উদাহরণ: ভোটার সচিত্র পরিচয়পত্র, রেশন কার্ড, প্যান কার্ড, আধার কার্ড ইত্যাদি এবং দ্বিতীয় ক্ষেত্রে আইনী প্রামাণ্য।
- ২) **শিক্ষাগত যোগ্যতার প্রামাণ্যপত্র** : (মাধ্যমিক / সমতুল পরীক্ষার মার্কশীটের স্বপ্রত্যয়িত জেরক্স)।
- ৩) **বয়সের প্রামাণ্যপত্র** : মাধ্যমিক / সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৪) **স্থায়ী বাসস্থানের ঠিকানার প্রামাণ্যপত্র** : (ভোটার সচিত্র পরিচয়পত্র / রেশন কার্ড) উভয় দিকের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৫) **জাতি / সম্প্রদায় শংসাপত্র** : উপযুক্ত কর্তৃপক্ষ (মহকুমা শাসক)দ্বারা জারীকৃত (স্বপ্রত্যয়িত জেরক্স) - কেবল তপশিলী জাতি / তপশিলী উপজাতি শ্রেণীর প্রার্থীদের জন্য।
- ৬) এস.এইচ.জি. মেম্বার/ট্রেনিং প্রাপ্তধাই/ লিঙ্গ ওয়ার্কার হলে তার শংসাপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স।
- ৭) উপরোক্ত তথ্যাদি সহ দরখাস্ত (৫ টাকার ডাকটিকিট লাগানো নিজ ঠিকানা লেখা একটি বড় অফিস খামসহ) সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন অফিসে জমা করতে হবে।

(বিশদে জানতে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিক / ব্লক স্বাস্থ্য আধিকারিক অফিসে যোগাযোগ করুন।)

শূণ্যপদের সংখ্যা : (অগ্রাধিকার অনুযায়ী ক্যাটেগরী বিভাজন সহ) এবং আবেদনপত্রের নমুনা যথাক্রমে- সংযোজনী-১ এবং সংযোজনী-২ সংযুক্ত করা হল। **অসম্পূর্ণ এবং উপযুক্ত নথি ছাড়া আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

৮) **০৫/১২/২০২৪ তারিখ**, বিকাল ৫ টার মধ্যে হাতেহাতে বা ডাকযোগে আবেদনপত্র না পৌঁছালে আবেদন পত্রটি বাতিল বলে গণ্য হবে এবং এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৯) আবেদন পত্রের নমুনা জেলার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন বা ব্লক উন্নয়ন আধিকারিক অফিসে বা ব্লক স্বাস্থ্য আধিকারিক অফিসে বা এলাকার সাবসেন্টারে পাবেন। (ওয়েবসাইট- www.jhargram.gov.in ও www.wbhealth.gov.in)

সদস্য সচিব

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর

স্মারক সংখ্যা - ৬৬৫২০১/নি

তারিখ: ০৫/১১/২০২৪

প্রয়োজনীয় অবগতির জন্য প্রেরিত হল:

১) মাননীয় জেলাশাসক ও চেয়ারপার্সন, ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি।

২-১০)..... সদস্য, ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি।

সদস্য সচিব

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি

এবং


মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর

স্মারক সংখ্যা - ৬৬৫ (২০)/১ (২৭)/সি

তারিখ : ০৫/১১/২০২৪

প্রয়োজনীয় অবগতি এবং যথাযথ প্রচারের জন্য প্রেরিত হল:

- ১) অতিরিক্ত জেলা শাসক (সাধারণ), ঝাড়গ্রাম।
- ২) মুখ্যস্বাস্থ্য আধিকারিক, ঝাড়গ্রাম।
- ৩) ডিস্ট্রিক্ট ইনফরমেটিকস অফিসার, ঝাড়গ্রাম। জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৪) সহ মুখ্যস্বাস্থ্য আধিকারিক, ঝাড়গ্রাম।
- ৫-৮) ব্লক উন্নয়ন আধিকারিক, বিনপুর - ১, গোপীবল্লভপুর - ১, জামবনি, ঝাড়গ্রাম । সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য ও প্রধান মহাশয়দের নিকট এই বিজ্ঞপ্তি পাঠানোর (প্রাপ্তি স্বীকারসহ) অনুরোধ করা হল।
- ৯- ১২) ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আধিকারিক, (বিনপুর - ১, গোপীবল্লভপুর - ১, জামবনি, ঝাড়গ্রাম) সংশ্লিষ্ট ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য ও সাব-সেন্টারে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল।
- ১৩-১৬) শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক,ব্লক।
- ১৭) সংগুপ্ত সহায়ক, মহকুমা শাসক, ঝাড়গ্রাম।


০৫.১১.২০২৪

সদস্য সচিব

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর